

Last page.



রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে মাহাথির মোহাম্মদকে ফ্রেস্ট উপহার দেন রাষ্ট্রপতি আবদুল হামিদ —পিআইডি

উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক স্থিতিশীলতা : মাহাথির

নিজস্ব প্রতিবেদক ■

একটি দেশের উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক স্থিতিশীলতা। এর ওপর বিদেশি বিনিয়োগ নির্ভর করে। তাই এটি বজায় রেখে বিদেশি বিনিয়োগবাহক পরিবেশ তৈরি করে দেওয়া রাজনৈতিক দলগুলোর দায়িত্ব। আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ গতকাল

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তন ভাষণ শেষে আয়োজিত 'মিট দ্য প্রেস'-এ এসব কথা বলেন। বিএনপির সাম্প্রতিক জাতীয় নির্বাচন বর্জন প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ড. মাহাথির বলেন, এরপর পৃষ্ঠা ১১ : কলাম ৪

উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক

(শেষ পৃষ্ঠার পর) নির্বাচন ও ফলাফল বর্জন কোনো সমাধান নয়। এ ধরনের সিদ্ধান্ত দেশ ও জাতির জন্যও কল্যাণকর নয়। দেশ ও জাতির স্বার্থে রাজনৈতিক দলগুলোকে সহনশীল হওয়া দরকার। গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখতে প্রত্যেক রাজনৈতিক দলকে নিজস্ব অবস্থান থেকে অবদান রাখা প্রয়োজন। সে ক্ষেত্রে রাজনৈতিক কর্মসূচি দেওয়ার ক্ষেত্রে ধ্বংসাত্মক কর্মসূচি এড়িয়ে চলা উচিত।

সমাবর্তন ভাষণে তিনি বলেন, তথ্যপ্রযুক্তি ও আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে বিশ্বের নেতৃত্ব আবারও মুসলিম উম্মাহকেই নিতে হবে। এ জন্য সবাইকে একাবদ্ধ হয়ে ত্যাগের মানসিকতা ও তথ্যপ্রযুক্তির সমন্বয় ঘটিয়ে সর্গবে এগিয়ে যেতে হবে।

ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তনে অংশ নিতেই ড. মাহাথির দু'দিনের সফরে গতকাল একটি বিশেষ বিমানে সকাল সোয়া ১০টায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। তাকে অভ্যর্থনা জানান পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণপূর্ব এশিয়া অনুবিভাগের মহাপরিচালক আবু জাফরসহ মন্ত্রণালয়ের কর্মকর্তারা। এ সময় ইউআইটিএসের উপাচার্য ড. মুহাম্মদ সামাদ উপস্থিত ছিলেন। আজ রোববার সকালে ড. মাহাথির মোহাম্মদের কুয়ালালামপুরের পথে রওনা হওয়ার কথা রয়েছে।

সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট আবদুল হামিদ। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড ও পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ সুফি মোহাম্মদ মিজানুর রহমান, সহ-উপাচার্য ড. কেএম সাইফুল ইসলাম খান, রেজিস্ট্রার ড. আবদুল্লাহ মামুন চৌধুরীসহ প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।